বার্ষিক পরিক্ষা-২০২২ বিষয়ঃ বাংলা শ্রোণিঃ শ্রেম সময়ঃ ২:৩০ ঘন্টা পূর্ণমানঃ ১০০

❖ নিচের অনুচ্ছেদটি পড়ে ১ ও ২ ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ

বাংলার কৃষক-মজুর-শ্রমিকের অতি আপনজন, মওলানা আবদুল হামিদ খান ভাসানী চিরকাল নির্যাতিত, নিপীড়িত মানুষের কাছাকাছি এসে দাঁড়িয়েছেন তিনি। মজলুম মানুষের সুখে-দুঃখে কাঁধে কাঁধ মিলিয়ে তাদের কথা বলেছেন। সংগ্রাম করেছেন। এজন্য তিনি মজলুম জননেতা সিরাজগঞ্জের ধানগড়া গ্রামের এক দরিদ্র কৃষক পরিবার। এ পরিবারে আবদুল হামিদ খানের জন্ম হয় ১৮৮০ সালে। তাঁর বাবার নাম হাজী শরাফত আলী খান। মায়ের নাম মোসাম্মৎ মজিরন বিবি। অল্প বয়সেই তিনি পিতৃমাতৃহীন হন। তাঁর এক চাচা ইব্রাহীম খান তাঁকে শৈশবে আশ্রয় দেন। এই চাচার কাছে থেকেই তিনি মাদরাসায় পড়াশোনা করেন। এ সময় তিনি ইরাক থেকে আগত এক পীর সাহেবের স্নেহদৃষ্টি লাভ করেন। তিনি তাঁকে ভারতের দেওবন্দ মাদরাসায় পাঠিয়ে দেন। এ সময় তিনি দেশাত্মবোধে উদুদ্ধ হন। মাদরাসার পড়া শেষ করে তিনি টাঙ্গাইলের কাগমারির এক প্রাইমারি স্কুলে শিক্ষকতা শুরু করেন। এখানে শিক্ষকতার সময় তিনি জমিদারের অত্যাচার, নির্যাতন দেখতে পান। এর বিরুদ্ধে প্রতিবাদ ও সংগ্রাম শুরু করেন। ফলে জমিদারের বিষ-নজরে পড়ে তাকে কাগমারি ছাড়তে হয়।

১। নিচের যেকোনো পাঁচটি শব্দের অর্থ লেখ :

\$×¢=¢

বিষ-নজর, জমিদার, নির্যাতন, কাগমারি, মজলুম, শৈশব, প্রতিবাদ।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

- (ক) মওলানা আবদুল হামিদ খান ভাসানীর দুটি গ্রুপ লেখ।
- (খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানীকে কেন কাগমারি ছাড়তে হয় তা চারটি বাক্যে লেখ।
- (গ) সহপাঠীদের সাথে মিলেমিশে থাকতে তোমার করণীয় চারটি বাক্যে লেখ।
- ♦ নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ

আমাদের প্রিয় স্বদেশ বাংলাদেশ। বিভিন্ন ঋতুর প্রকৃতির রং ও রূপের বৈচিত্র্য আমাদের মুগ্ধ করে। এদেশের মানুষের কপ্তে কত কথা, কত গান। এসব গান মানুষের শ্রমের ফসলের কথা বলে, বলে বহমান নদীর কথা। কোনো গায়ক একতারা বা দোতারা হাতে নেচে নেচে পান করেন। হারমোনিয়াম, তবলা, বাঁয়া ও বাঁশি ইত্যাদি যন্ত্র প্রায় সব গানের সঙ্গেই চলে। ভাটিয়ালি এদেশের গ্রামগঞ্জের মাঝিমাল্লাদের গান। বাংলাদেশের মাঝিমাল্লারা নদীপথে চলাচল করে গঞ্জ থেকে গঞ্জে, বন্দর থেকে বন্দরে। হাল ধরে মাঝি ভাটির টানে ভাসতে ভাসতে গান গায়, তাই এর নাম ভাটিয়ালি। টানা টানা সুরে, নৌকা ছেড়ে মাঝি যখন গান ধরে তখন মনটা কেমন উদাস হয়ে যায়। সারি গান এদেশের আরও একটি প্রিয় গান। নৌকার মাঝিরা সারি বেঁধে বসে বৈঠার তালে তালে যে গান করে আর নৌকা চালায় তাকে সারি গান বলে। সারি গানের ভেতর দিয়ে নৌকা বাইচ বেশ জমে ওঠে। নদীর বুকে সারি সারি নৌকা স্রোতের টানে ভেসে চলে। গানের তালে তালে নৌকা যেন নদীর বুকে উড়াল দিয়ে এগিয়ে চলে। আনন্দ আর উদ্দীপনা সৃষ্টিই এ গানের উদ্দেশ্য। এসব লোকসংগীত আমাদের ঐতিহ্য। এগুলো আমাদের সম্পদ।

৩। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখ

5×€ = €

| গায়ক | যে গান গায় |
|----------|-------------------|
| প্রোত | প্রবাহ |
| উদাস | আনমনা |
| সারি | মাঝিমাল্লাদের গান |
| উদ্দীপনা | প্রেরনা |
| স্বদেশ | নিজের দেশ |

- (ক) বাংলাদেশ আমার প্রিয়.....।
- (খ) আব্বাসউদ্দীন বাংলাদে**শে**র ছিলেন।
- (গ) জারি ও গান আমাদের লোকসংগীত।
- (ঘ) প্রাকৃতিক গ্যাস আমাদের জাতীয়.....।
- (ঙ) মিলনমেন আকাশের দিকে তাকিয়ে আছে।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

≥+७=€

- (ক) ভাটিয়ালি গান কাকে বলে? তিনটি বাদ্যযন্ত্রের নাম লেখ।
- (খ) ভাটিয়ালি ও সারি গান কেন বাঁচিয়ে রাখতে হবে তা পাঁচটি বাক্যে লেখ।
- (গ) বিদ্যালয়ে আনন্দময় পরিবেশ সৃষ্টিতে তুমি কী করবে তা পাঁচটি বাক্যে লেখ।
- ৫। নিচের যেকোনো পাঁচটি ক্রিয়াপদের চলিত রূপ লেখ

১×৫=৫ গিয়াছে, বাঁচিতে, আসিয়াছেন, দেখিয়া, বানাইতে, শুনিয়াছেন, খাইতে। -

৬। নিচের অনুচ্ছেদটি পড়ে কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন শব্দগুলোর যেকোনো পাঁচটি একবার ব্যবহার করে পাঁচটি প্রশ্নবোধক বাক্য তৈরি করে লেখ:

3=3×¢

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ বাবা-মায়ের একমাত্র সন্তান ছিলেন। বাবা-মা মারা গেলে বদলে যায় তাঁর জীবন। যোগ দেন ইস্ট পাকিস্তান রাইফেলস-এ। ১৯৭১ সালের ৫ই সেপ্টেম্বর যুদ্ধরত অবস্থায় হঠাৎ মর্টারের একটা গোলা এসে লাগল তাঁর পায়ে। মৃত্যু আসন্ন বুঝতে পেরে গুলি চালাতে চালাতে তিনি শহিদ হন।

৭। নিচের যেকোনো পাঁচটি যুক্তবর্ণ ভেঙে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা কর:

স্প,, क्ल, म्हें, घें, ख,

৮। নিচের অনুচ্ছেদটির যথাস্থানে বিরামচিহ্ন বসিয়ে উত্তরপত্রে লেখ

6

তোমরা নিশ্চয়ই জলপ্রপাতের কথা শুনেছ জলপ্রপাত দেখার সৌভাগ্য একবার আমার হয়েছিল নিজের দেশে নয় বিদেশের মাটিতে কানাডায় গিয়েছি

৯। নিচের যেকোনো পাঁচটি বাক্য এককথায় প্রকাশ করে উত্তরপত্রে লেখ

œ

- (ক) খেতে ভালো লাগে এমন
- (খ) নদী মাতা যার
- (গ) নিজের জীবন উৎসর্গ করেছেন যিনি
- (ঘ) যিনি মুক্তির জন্য যুদ্ধ করেন
- (৬) যা কষ্টে লাভ করা যায়
- (চ) অহংকার নেই যার
- (ছ) পান করার ইচ্ছা

| ১০। নিচের যেকোনো পাঁচটি শব্দের বিপরীত শব্দ লেখ : | |
|---|--------------|
| \$×¢=¢ | |
| রাত, ঠাণ্ডা, দেশ, অন্ধকার, সুন্দর, উন্নত, দুর্বল। | |
| | |
| | |
| ১১। নিচের কবিতাংশটুকু পড়ে (ক), (খ) ও (গ) ক্রমিক প্রশ্নের উত্তর লেখ: | |
| আমি ভালোবাসি আমার | |
| নদীর বালুচর, | |
| भंतरकारन रय निर्जरन | |
| চকাচকির ঘর। | |
| যেথায় ফুটে কাশ | |
| তটের চারি পাশ | |
| শীতের দিনে বিদেশি সব | |
| হাঁসের বসবাস। | |
| (ক) চকাচকি কোন ঋতুতে কোথায় ঘর বাঁধে? | ২ |
| (খ) কবিতাংশটুকুর মূলভাব পাঁচটি বাক্যে লেখ। | |
| (গ) তোমার দেখা নদীর তীরের দৃশ্য তিনটি বাক্যে লেখ। | • |
| ১২। মনে কর, তোমার নাম মৌরি/মাহিম। তুমি ছায়ানীড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির | |
| শিক্ষার্থী। তোমার রোল নম্বর ১। জন্ম তারিখ ০৫-০৭-২০০৯। তোমার বিদ্যালয়ের কাব দলের সদস্য হও | <u> য়ার</u> |
| জন্য ফরমটি পূরণ কর। | |
| সদস্য ফরম | |
| ১. নাম : | |
| ২. विদ্যালয়ের নাম : | |
| ৩. শ্রেণি : | |
| 8. রোল : | |
| ৫. জন্ম তারিখ : | |
| ১৩। মনে কর, তোমার নাম নাহিদা/নাহিদ। তুমি পার্টিকেলবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রে | ণির |
| শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী ক্রয়ের অনুরোধ জানিয়ে প্রধান শিক্ষকের কাছে আবেদনপ | <u>'বি</u> |
| লেখ। | Ø |
| ১৪। প্রদত্ত সংকেতের আলোকে নিচের যেকোনো একটি বিষয়ে ২০০ শব্দের মধ্যে একটি রচনা লেখ : | |
| > 0 | |
| (ক) জাতীয় ফল কাঁঠাল : ভূমিকা আকার-আকৃতি - প্রাপ্তিস্থান ও সময় - পুষ্টিগুণ - উপসংহার । | |
| (খ) মুক্তিযুদ্ধ : ভূমিকা প্রেক্ষাপট যুদ্ধকালীন অবস্থা - বিজয় লাভ – উপসংহার। | |
| | |
| (গ) শব্দদৃষণ : ভূমিকা - শব্দদৃষণের কারণ ক্ষতিকর দিক - প্রতিকার — উপসংহার। | |
| (গ) শব্দদূষণ : ভূমিকা - শব্দদূষণের কারণ ক্ষতিকর দিক - প্রতিকার — উপসংহার। (ঘ) প্রিয় বই : ভূমিকা প্রিয় বই - প্রিয় হওয়ার কারণ - শিক্ষণীয় বিষয় - উপসংহার। | |